অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/18/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল এম্পায়ার স্টেট সার্ভিস কোর সদস্যদের উদ্বোধনী ক্লাস ঘোষণা করলেন

SUNY ক্যাম্পাসসমূহ জুড়ে 500 এর বেশি শিক্ষার্থী সবেতন জনসেবার সুযোগে অংশগ্রহণ করবে; কর্মসূচিটি আমেরিকোরের মাধ্যমে স্বীকৃত

কর্মসূচি এবং SUNY এর পৌরনীতি এবং সেবা এজেন্ডার ফ্যাক্টশিট SUNY এর ওয়েবসাইটে উপলভ্য আছে

লেফটেন্যান্ট গভর্নর ডেলগাডো এবং SUNY এর চ্যান্সেলর কিং SUNY ওয়ানোন্টাতে কর্মসূচির সূচনা করেন, এবং প্রত্যেক ক্লাসের জন্য 40 জন পর্যন্ত শিক্ষার্থীকে বাছাই করা হয়েছে

গভর্নর ক্যাথি হোকল আজকে এম্পায়ার স্টেট সার্ভিস কোর (Empire State Service Corps) সদস্যদের উদ্বোধনী ক্লাস ঘোষণা করেছেন, যেখানে সবেতন জনসেবার সুযোগে অংশগ্রহণ করার জন্য স্টেটব্যাপী নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটির (State University of New York, SUNY) ক্যাম্পাসসমূহ থেকে 515 জন শিক্ষার্থীকে নির্বাচিত করা হয়েছে। এর প্রথম আবেদন চক্রের সময় SUNY এর প্রায় 2,000 শিক্ষার্থী কর্মসূচিটির জন্য আবেদন জমা দেয়, যেখানে অধিক চাহিদা রয়েছে এমন এলাকায় K-12 টিউটরিং, ফেডারেল সম্পূরক পুষ্টি সহায়তা কর্মসূচি (Supplemental Nutrition Assistance Program, SNAP) এবং মৌলিক চাহিদার আউটরিচ, পিয়ার মানসিক স্বাস্থ্য, টেকসই অবস্থা, ঘৃণাবিরোধী এবং পক্ষপাতবিরোধী প্রতিরোধ, নির্দলীয় নাগরিক জড়িতকরণ, এবং ফেডারেল শিক্ষার্থী সহায়তার জন্য বিনামূল্যের আবেদন (Free Application for Federal Student Aid, FAFSA) পূরণ করার মতো অ্যাসাইনমেন্ট প্রদান করা হয়।

"একজন তরুণ হিসেবে স্টেটের সরকারে কাজ করা একটি গঠনমূলক অভিজ্ঞতা ছিলো যা জনসেবা এবং নিউ ইয়র্কের মানুষের জন্য কাজ করার আমার আগ্রহের অনুঘটক হিসেবে কাজ করেছে," **গভর্নর হোকল বলেন।** "এম্পায়ার সার্ভিস কোরে আরো তরুণ ব্যক্তিদের জড়িত করতে আমাদের উদ্যোগসমূহকে সম্প্রসারিত করার মাধ্যমে আমরা তাদের সুস্থতার জন্য এবং আমাদের পুরো স্টেটের সামগ্রিক উন্নতির জন্য একটি প্রতিশ্রুতি গ্রহণ করেছি। এম্পায়ার স্টেট কোরের উদ্বোধনী ক্লাসকে স্বাগত জানাতে পেরে আমি গর্বিত, যেখানে নিউ ইয়র্ক স্টেটের

একজন নিজস্ব SUNY স্কুলগুলি থেকে 515 জন শিক্ষার্থী রয়েছে। অভিনন্দন এবং আপনাদের এই জনসেবার জন্য ধন্যবাদ।"

48 জন অংশগ্রহণকারী শিক্ষার্থী নিয়ে এম্পায়ার স্টেট সার্ভিস কোরের বৃহত্তম ক্লাস, SUNY ওয়ানোন্টা দল লেফটেন্যান্ট গভর্নর অ্যান্টনিও ডেলগাডো এবং SUNY এর চ্যান্সেলর জন বি কিং জুনিয়রের সাথে দেখা করেছে এবং কর্মসূচিটি এই মাসে শুরু হচ্ছে। তাদের সাথে যোগদান করেন নিউ ইয়র্ক স্টেটের প্রধান সেবা কর্মকর্তা ম্যাট স্ক্যাফার, SUNY ওয়ানোন্টার প্রেসিডেন্ট অ্যালবার্টো কার্ডেল, অংশগ্রহণকারী শিক্ষার্থী এবং ক্যাম্পাসের সমন্বয়ক।

"নিউ ইয়র্কবাসীদের ঐক্যবদ্ধ করার, জরুরি সামাজিক সমস্যার সমাধান করার, এবং অংশগ্রহণকারীদের জীবন উন্নত করার ক্ষমতা জাতীয় এবং সম্প্রদায়ের সেবার রয়েছে" **বলেন লেফটেন্যান্ট গভর্নর অ্যান্টনিও ডেলগাডো।** "আজকে আমরা এম্পায়ার স্টেট সার্ভিস কোরের সূচনা উদযাপন করছি, যা এর প্রথম বছরে SUNY এর শিক্ষার্থীদের জন্য 500টি নতুন অর্থপূর্ণ, সবেতন সেবার সুযোগ তৈরি করবে এবং একই সাথে অতি গুরুত্বপূর্ণ সম্প্রদায়ের চাহিদা পূরণ করবে। নতুন সেবা ও নাগরিক জড়িতকরণ অফিস (Office of Service and Civic Engagement) স্থাপন করাতে গভর্নর হোকলের নেতৃত্বের জন্য আমি কৃতজ্ঞ, যা পুরো নিউ ইয়র্ক স্টেটে সেবার সুযোগ সম্প্রসারিত ও বর্ধিত করবে যাতে সেবাকে আরো অ্যাক্সেসিবল, অন্তর্ভুক্তিকর, এবং ব্যাপক বিস্তৃত করা যায়। সেবার সুযোগ সম্প্রসারিত করা এবং আরো বলীয়ান, আরো ঐক্যবদ্ধ এবং স্থিতিস্থাপক স্টেট সম্প্রসারিত করার জন্য এম্পায়ার স্টেট সার্ভিস কোর একটি দারুণ প্রথম ধাপ।"

এম্পায়ার স্টেট সার্ভিস কোর অংশগ্রহণকারী SUNY এর শিক্ষার্থীদেরকে বছরে 300 এর বেশি সবেতন জনসেবার ঘণ্টার জন্য প্রভাবশালী জনসেবার সুযোগের সাথে সংযুক্ত করে দেয়। অর্থবছর 2025 এর প্রণীত বাজেটে নিউ ইয়র্ক স্টেট এই কর্মসূচি শুরু করার জন্য 2.75 মিলিয়ন মার্কিন ডলার বরাদ্দ করেছে। বর্তমানে, 45টির বেশি SUNY ক্যাম্পাস এম্পায়ার স্টেট সার্ভিস কোর সদস্যদের স্থান প্রদানের জন্য রাজি হয়েছে।

পাশাপাশি, একটি আমেরিকোর (AmeriCorps) কর্মসূচি হিসেবে এম্পায়ার স্টেট সার্ভিস কোর জাতীয় এবং সম্প্রদায়ের সেবা বিষয়ক নিউ ইয়র্ক স্টেট কমিশন (New York State Commission on National and Community Service) থেকে 2.5 মিলিয়ন মার্কিন ডলার পেয়েছে। এই ফেডারেল তহবিলসমূহ নির্দিষ্ট সেবা প্রকল্পের পরিচালনাকে সমর্থন করবে, এবং আমেরিকোর সেবা মেয়াদ শেষে যোগ্য শিক্ষার্থীরা একটি সিগাল আমেরিকোর শিক্ষা অ্যাওয়ার্ড (Segal AmeriCorps Education Award) লাভ করবে, যা যোগ্য ঋণ পরিশোধ করতে এবং উচ্চ শিক্ষা ও প্রশিক্ষণ কর্মসূচির জন্য যোগ্য প্রতিষ্ঠানে বর্তমান শিক্ষার ব্যয় পরিশোধ করতে ব্যবহার করা যেতে পারে।

SUNY এর চ্যান্সেলর জন কিং বলেন, "পৌরনীতি এবং সেবা হলো সরকারি উচ্চশিক্ষার মিশনের এবং SUNY এর কাজের একটি অপরিহার্য অংশ। সর্বপ্রথম এম্পায়ার স্টেট সার্ভিস কোরের জন্য বাছাই হওয়া শিক্ষার্থীদের নিয়ে SUNY গর্বিত, যারা সেবার আহ্বানে সাড়াদান করবে এবং নিজেদের সম্প্রদায়ের উন্নতি করবে। হাতে কলমের অভিজ্ঞতার সুযোগ সম্প্রসারিত করবে

এবং একই সাথে পুরো স্টেটের নিউ ইয়র্কবাসীদের চাহিদা পূরণ করবে এমন একটি সেবা কর্মসূচি তৈরি করার জন্য গভর্নর হোকল, লেফটেন্যান্ট গভর্নর ডেলগাডো, এবং আইনসভার নেতৃবৃন্দকে আমি বিশেষভাবে ধন্যবাদ জানাতে চাই।"

SUNY ওয়ানোন্টার প্রেসিডেন্ট অ্যালবার্টো কার্ডেল বলেন, "অন্যদের সেবাদান করার মাধ্যমে পার্থক্য সৃষ্টি করা হলো SUNY ওয়ানোন্টাতে আমাদের মিশনের কেন্দ্রবিন্দু। এই প্রয়াসের মাধ্যমে যে সবেতন জনসেবার সুযোগ সম্ভব হয়েছে, যার পক্ষে গভর্নরের অফিস এবং SUNY কাজ করেছে, আমরা তার প্রশংসা করছি। ওয়ানোন্টাতে এবং আশেপাশের এলাকায় সেবাদান করার আহ্বানে এতো উৎসাহের সাথে যে আমাদের শিক্ষার্থীরা সাড়াদান করেছে তার জন্য আমি গর্বিত।"

স্টেটের সিনেটর টবি অ্যান স্টাভিস্কি বলেন, "এম্পায়ার স্টেট সার্ভিস কোর আমাদের SUNY এর শিক্ষার্থীদের মূল্যবান হাতে কলমের অভিজ্ঞতা প্রদান করে যা একই সাথে তাদের কাজ দ্বারা উপকৃত হওয়া মানুষকে সাহায্য করে। এই কর্মসূচিটি হলো আমাদের শিক্ষার্থীদের জন্য শিক্ষামূলক সুযোগ দিতে SUNY এর বিস্তৃত, বলীয়ান মেন্যুর আরেকটি উদাহরণ।"

অ্যাসেম্বলির সদস্য প্যাট্রিশিয়া ফাহি বলেন, "এম্পায়ার স্টেট সার্ভিস কোরের মাধ্যমে নিউ ইয়র্কের শিক্ষার্থীরা অর্থপূর্ণ জনসেবা সুযোগে জড়িত হচ্ছে যা তাদেরকে তাদের সম্প্রদায় এবং প্রতিবেশীদের সাথে সংযুক্ত করে দিচ্ছে। এধরনের পরীক্ষামূলক শিক্ষার সুযোগ শিক্ষার্থীদের দক্ষতাসমূহকে এবং গ্র্যাজুয়েশনের পর চাকরি নিশ্চিত করার তাদের ক্ষমতাকে সম্প্রসারিত করে, এবং একই সাথে অর্থপূর্ণ সরকারি চাকরির মাধ্যমে নিজেদের সম্প্রদায় এবং অন্যান্যদের সেবাদান করার প্রতি একটি প্রতিজ্ঞাকে পাকাপোক্ত করে। এই বছরের চূড়ান্ত বাজেটে এম্পায়ার স্টেট সার্ভিস কোরের অর্থায়ন করতে চ্যান্সেলর কিং এবং গভর্নর হোকলের সাথে অংশীদারিত্ব করতে পেরে আমি গর্বিত, এবং উদ্বোধনী ক্লাসকে তাদের অর্জনের জন্য অভিনন্দন!"

আমেরিকোরের প্রধান নির্বাহী কর্মকর্তা মাইকেল ডি স্মিথ বলেন, "FAFSA পূরণ কোরের সূচনা করে এবং জাতীয় সেবা উদ্যোগ স্কুলের মাধ্যমে আমেরিকোর অ্যালামনাইকে সুবিধা প্রদান করার উদ্যোগ গ্রহণের মাধ্যমে SUNY উদ্ভাবনী উপায়ে জাতীয় সেবাকে তাদের কর্মকাণ্ডের সাথে সমন্বিত করেছে। এম্পায়ার স্টেট সার্ভিস কোর উদ্যোগটি কয়েকশত শিক্ষার্থীকে আমেরিকোর সদস্য হিসেবে নিজেদের সম্প্রদায়ে সেবাদান করার সুযোগ প্রদান করে এই কাজকে অব্যাহত রাখে, যেখানে শিক্ষার্থীরা মূল্যবান পেশাদারি এবং ব্যক্তিগত দক্ষতা অর্জন করে এবং একই সাথে শিক্ষার তহবিল অর্জন করে। SUNY এর প্রয়াস থেকে শিক্ষা গ্রহণ করতে আমেরিকোর উন্মুখ এবং আশা করছে যে অন্যান্য উচ্চশিক্ষা ব্যবস্থা তাদের এই পদক্ষেপকে অনুসরণ করবে।"

ক্যাম্পাস কম্প্যাক্টের (Campus Compact) প্রেসিডেন্ট ববি লাউর বলেন, "এম্পায়ার স্টেট সার্ভিস কোর উচ্চতর শিক্ষার নাগরিক জড়িতকরণের রূপান্তরমূলক সম্ভাবনাকে প্রদর্শন করে। এই কর্মসূচিতে অংশগ্রহণ করা কয়েকশত SUNY শিক্ষার্থী মূল্যবান দক্ষতা এবং হাতে কলমের ব্যবহারিক অভিজ্ঞতা অর্জন করবে এবং তাদের মধ্যে নাগরিক কাজে জড়িত হওয়ার একটি দীর্ঘস্থায়ী প্রতিশ্রুতি প্রতিষ্ঠিত হবে। তারা নিউ ইয়র্কবাসীদের জীবনে এবং নিজেদের

সম্প্রদায়ে একটি ইতিবাচক পার্থক্য তৈরি করবে, তাই এই উদ্ভাবনী উদ্যোগটি আমাদের সকলকে নতুন এবং প্রভাবশালী উপায়ে সেবাদান করতে অনুপ্রেরিত করবে।"

নিউ ইয়র্ক স্টেটের জাতীয় ও সম্প্রদায়ের সেবা বিষয়ক কমিশনের (NYS Commission on National and Community Service) নির্বাহী পরিচালক লিন্ডা কোহেন বলেন, "নতুন এই সাহসী আমেরিকোর উদ্যোগে SUNY এবং সেবা ও নাগরিক জড়িতকরণ অফিসের সাথে অংশীদারিত্ব করতে পেরে কমিশন অত্যন্ত আনন্দিত। পুরো স্টেটের কয়েকশত SUNY শিক্ষার্থীর একটি নেটওয়ার্ক নিউ ইয়র্কবাসী এবং তাদের সম্প্রদায়ের জন্য এমন একটি মাত্রার সেবা ও সমর্থন নিয়ে আসবে যা পূর্ববর্তী প্রয়াসসমূহকে অতিক্রম করবে। এম্পায়ার স্টেট সার্ভিস কোর হলো বিগত ত্রিশ বছরে আমেরিকোরে সেবাদান করা হাজার হাজার নিউ ইয়র্কবাসীর মানানসই উত্তরসূরি এবং আগামী ত্রিশ বছর ও এর পরের জন্যও একটি অনুপ্রেরণাদায়ক সূচনা।"

পার্টনার্স ফর ক্যাম্পাস-কমিউনিটি এনগেজমেন্টের (Partners for Campus-Community Engagement, PCCE) নির্বাহী পরিচালক ডাঃ ডেভিড হার্কার বলেন, "SUNY সিস্টেম গৃহীত এই প্রতিশ্রুতি এবং আমাদের পুরো স্টেটে উচ্চমানের সম্প্রদায়ের জড়িতকরণকে গভীর করতে লেফটেন্যান্ট গভর্নরের অফিসের প্রয়াসের প্রশংসা করছে পার্টনার্স ফর ক্যাম্পাস-কমিউনিটি এনগেজমেন্টে। জড়িত শিক্ষার্থীদের আর্থিকভাবে সমর্থন করা, পারস্পরিক লাভজনক পরীক্ষামূলক শিক্ষা সুযোগের জন্য সমান সুযোগ নিশ্চিত করার গুরুত্বকে সার্ভিস কোর কর্মসূচিটি স্বীকৃতি প্রদান করছে। এই কোরের সদস্যরা নিজেদের সম্প্রদায়ে দুর্দান্ত প্রভাব ফেলবে, এবং একই সাথে এমন অতি গুরুত্বপূর্ণ দক্ষতা ও অভিজ্ঞতা অর্জন করবে যা তাদের দারুণভাবে উপকৃত করবে। এটি নিউ ইয়র্ক স্টেটে এবং জনগণের কল্যাণে উচ্চশিক্ষার প্রতি SUNY এর প্রতিশ্রুতির ক্ষেত্রে একটি বিশাল অগ্রগামী পদক্ষেপ।"

মাল্টি স্টেট কোলাবোরেটিভ ফর কলেজ সিভিক লার্নিং অ্যান্ড ডেমোক্রেসি এনগেজমেন্টের (Multi-State Collaborative for College Civic Learning and Democracy Engagement) সিনিয়র অ্যাডভাইজার ক্যারোল গিয়ারি স্নাইডার যোগ করেছেন, "শিক্ষার সর্বদাই একটি উত্তম জনগণের মিশন রয়েছে, কিন্তু আজকে নিউ ইয়র্ক সেই মিশনকে পুনর্জীবিত করে সম্প্রদায়ের জড়িতকরণ এবং সেবাকে এর জন্য কেন্দ্রীয় করছে। শিক্ষার্থীদের অন্যদের সাথে কাজ করতে প্রস্তুত করার এবং সকলের জন্য জীবনযাত্রার মান উন্নত করার ক্ষেত্রে নিউ ইয়র্ক যে নতুন কাজ করছে তা দেখে মাল্টি স্টেট কোলাবোরেটিভ ফর কলেজ সিভিক লার্নিং অ্যান্ড ডেমোক্রেসি এনগেজমেন্টে আমরা অত্যধিক আনন্দিত।"

***দ্য বিল অফ অব্লিগেশনস: দ্য টেন হ্যাবিটস অফ গুড সিটিজেন্সের (The Bill of Obligations: The Ten Habits of Good Citizens)* লেখক রিচার্ড হাস বলেন,** "জনসেবা সম্প্রদায় তৈরি করতে, দক্ষতা তৈরি করতে, বাস্তব চাহিদা পূরণ করতে এবং নাগরিকদের এবং তাদের সরকারের মধ্যে সেতুবন্ধন করতে পারে। এতো কিছু এটি বলার জন্য যে আমার নিজের নিউ ইয়র্ক স্টেট এবং নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটি যে এম্পায়ার স্টেট সার্ভিস কোর শুরু করার জন্য একত্রে এসেছে তা দেখে আমি অত্যন্ত আবেগপূর্ণ হয়েছি। এধরণের জনসেবার কর্মসূচি রাজনীতিকে অতিক্রম করে এবং বিস্তৃত সমর্থন এর প্রাপ্য।"

পুরো স্টেটের শিক্ষার্থীদের জন্য সেবার সুযোগ বৃদ্ধি করতে গভর্নর হোকল এবং চ্যান্সেলর কিংয়ের প্রতিশ্রুতির অংশ হিসেবে এম্পায়ার স্টেট সার্ভিস কোর শুরু করা হয়। এম্পায়ার স্টেট সার্ভিস কোরের পাশাপাশি, ইউনিভার্সিটি সিস্টেম নাগরিক শিক্ষা, নাগরিক আলোচনা, এবং নাগরিক সচেতনতার জন্য ক্যাম্পাসসমূহে অতিরিক্ত কর্মসূচি শুরু করেছে। এই বসন্তকালে চ্যান্সেলর কিং 10 জন অনুষদের ফেলো ঘোষণা করেন যারা সর্বপ্রথম নাগরিক শিক্ষা ও জড়িতকরণ এবং নাগরিক আলোচনার ফেলো হবেন। এই ফেলোশিপের লক্ষ্য হলো শিক্ষার্থী, অনুষদ, এবং SUNY ক্যাম্পাসসমূহের কর্মীদের মধ্যে নাগরিক আলোচনার প্রচার করা। কর্মসূচি এবং নাগরিক জড়িতকরণের সুযোগ সম্প্রসারিত করতে SUNY এর কর্মসূচি সম্পর্কে আরো তথ্য [এখানে](#) উপলভ্য আছে।

স্টেটের অর্থায়িত 500 জন এম্পায়ার স্টেট সার্ভিস কোরের সদস্যদের পাশাপাশি, নির্দলীয় ভোটার আউটরিচ এবং নাগরিক জড়িতকরণ ভূমিকায় সেবাদান করার জন্য দাতব্য আইবিস গ্রুপ (Ibis Group) আরো 15 জন অতিরিক্ত কোর সদস্যকে সমর্থন করছে।

নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটি সম্পর্কে

স্টেট ইউনিভার্সিটি অভ নিউ ইয়র্ক, যা এই বছর এর 75 তম বর্ষপূর্তি পালন করবে, যা মার্কিন যুক্তরাষ্ট্রের সর্ববৃহৎ সমন্বিত উচ্চ শিক্ষা ব্যবস্থা এবং 95 শতাংশের বেশি নিউ ইয়র্কবাসীরা SUNY এর 64টি কলেজ ও ইউনিভার্সিটির কোনো না কোনোটির 30 মাইলের মধ্যে বাস করে। পুরো সিস্টেমজুড়ে SUNY এর চারটি একাডেমিক স্বাস্থ্য কেন্দ্র, পাঁচটি হাসপাতাল, চারটি মেডিকেল স্কুল, দুইটি ডেন্টাল স্কুল, একটি ল স্কুল, দেশের সবথেকে পুরোনো মেরিটাইম স্কুল, স্টেটের একমাত্র অপটোমেট্রি কলেজ রয়েছে, এবং একটি মার্কিন যুক্তরাষ্ট্রের শক্তি বিভাগের (US Department of Energy) জাতীয় গবেষণাগারের ব্যবস্থাপনা করে। SUNY এর ক্রেডিট ও ক্রেডিটহীন কোর্স, কর্মসূচি, শিক্ষা চালু রাখা, এবং সম্প্রদায়ের আউটরিচ কর্মসূচির সম্পূর্ণ পোর্টফোলিওতে মোট প্রায় 1.4 মিলিয়ন শিক্ষার্থীকে সেবাদান করে। SUNY নিউ ইয়র্কের প্রায় এক-চতুর্থাংশ অধ্যয়ন বিষয়ক গবেষণার তত্ত্বাবধান করে। পুরো সিস্টেমে 2022 অর্থবছরে গবেষণা ব্যয় ছিল প্রায় 1.1 বিলিয়ন মার্কিন ডলার, যার মধ্যে শিক্ষার্থী ও শিক্ষকদের উল্লেখযোগ্য অবদান রয়েছে। বিশ্বব্যাপী তিন মিলিয়ন SUNY এর প্রাক্তন শিক্ষার্থী রয়েছেন এবং কলেজের ডিগ্রীসহ তিনজন নিউ ইয়র্কবাসীর মধ্যে একজন হলেন SUNY এর প্রাক্তন শিক্ষার্থী। SUNY কিভাবে সুযোগ তৈরি করে সে সম্পর্কে আরো জানতে ভিজিট করুন www.suny.edu।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন